

# বুয়েটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে

সংবাদ অনলাইন রিপোর্ট

: মঙ্গলবার, ১৯ মার্চ ২০২৪



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ২০২৩-২৪ শিক্ষাবর্ষের প্রথমবর্ষে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে।

মঙ্গলবার (১৯ মার্চ) বিকেলে বুয়েটের ওয়েবসাইটে ভর্তি কমিটির সভাপতি ও বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক জীবন পোদ্দারের স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে ফলাফল জানানো হয়েছে। এতে বলা হয়েছে, ২৭ মার্চ থেকে ভর্তির কার্যক্রম শুরু হবে।

ওয়েবসাইটে ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রাথমিকভাবে নির্বাচিত এবং অপেক্ষমাণ প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়েছে। একইসঙ্গে মেধাতালিকা ও পছন্দক্রম অনুসারে প্রার্থীদের বিভাগ বণ্টনও প্রকাশ করা হয়েছে।

এবার কয়েকটি সংরক্ষিত আসনসহ মোট ১ হাজার ৩০৯টি আসনে ভর্তি হতে প্রাক-ভর্তির পর চূড়ান্ত ভর্তি পরীক্ষায় ৬ হাজার ৩৯ জন অংশ নেন।

ফল প্রকাশের বিজ্ঞপ্তিতে বলা হয়, 'ক' গ্রুপের অন্তর্ভুক্ত প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য ২৭ ও ২৮ মার্চ দলিলাদি মূল্যায়ন ও স্বাস্থ্য পরীক্ষা হবে। বুয়েটের পশ্চিম পলাশী ক্যাম্পাসের ইসিই ভবনের লেভেল-৮-এ ভর্তি অফিসে শিক্ষার্থীদের সকাল সাড়ে ৯টার মধ্যে উপস্থিত হতে হবে।

অন্যদিকে ‘খ’ গ্রুপের অন্তর্ভুক্ত স্থাপত্য বিভাগে ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদের ২৭ মার্চ সকাল সাড়ে ৯টা থেকে ১১টার মধ্যে পশ্চিম পলাশী ক্যাম্পাসের ইসিই ভবনের লেভেল-৮-এর ভর্তি অফিসে হাজির হতে হবে।

প্রাথমিকভাবে নির্বাচিতদের তিন ধাপে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। প্রথম ধাপে স্বাস্থ্য পরীক্ষা দিতে হবে। এজন্য বুয়েটের ওয়েবসাইট থেকে মেডিকেল স্ক্রিনিং ফর্ম ফর অ্যাডমিশনের পিডিএফ ফাইল প্রিন্ট করে হাতে লিখে পূরণ করতে হবে।

মেডিকেল স্ক্রিনিং ফর্মের একটি অংশ প্রার্থী নিজেই পূরণ করবেন। দ্বিতীয় অংশটি প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা এবং সংশ্লিষ্ট ল্যাবরেটরির রিপোর্ট মূল্যায়ন করে একজন রেজিস্টার্ড চিকিৎসক কর্তৃক পূরণ করতে হবে।

এক্ষেত্রে চিকিৎসক, হাসপাতাল ও ল্যাবরেটরির ফি ভর্তিচ্ছুকে বহন করতে হবে।

স্বাস্থ্য পরীক্ষায় দৃষ্টিশক্তিতে ত্রুটি ধরা পড়লে সাত দিনের মধ্যে পুনঃপরীক্ষা করা যেতে পারে। অন্যান্য অস্থায়ী অনুপযুক্ততা, যেমন- হাইড্রোসিল, হার্নিয়া ইত্যাদি রোগের ক্ষেত্রে এক মাসের মধ্যে পুনঃপরীক্ষার জন্য বিবেচিত হতে পারে।

দ্বিতীয় ধাপে নির্বাচিত ভর্তিচ্ছুকে ভর্তি ফি জমা দিতে হবে। এক্ষেত্রে প্রকৌশল অনুষদসমূহের বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য সাত হাজার ১৫০ টাকা এবং স্থাপত্য বিভাগে ভর্তির জন্য সাত হাজার ২০০ টাকা ফি জমা দিতে হবে। সোনালী ব্যাংকে ডিমান্ড ড্রাফট অথবা পে-অর্ডারের মাধ্যমে কম্পিউটার, বুয়েট-টাকা বরাবর ফি জমা দিতে হবে।

তৃতীয় বা শেষ ধাপে শিক্ষার্থীকে মূল সনদ, স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন এবং ভর্তি ফির রসিদ জমা দিয়ে ভর্তি নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে এসএসসির মূল সনদ ও মার্কশিট এবং এইচএসসির মূল মার্কশিট সঙ্গে আনতে হবে। প্রত্যেক মূল সনদের সঙ্গে এক কপি করে ফটোকপি (সত্যায়িত ছাড়া) জমা দিতে হবে।

সাম্প্রতিক বছরগুলোর মতো এবারও বুয়েটের ভর্তি পরীক্ষা দুই ধাপে অনুষ্ঠিত হয়। প্রথম ধাপে প্রাক-নির্বাচনি পরীক্ষা অনুষ্ঠিত গত ২৪ ফেব্রুয়ারি, যাতে অংশ নেন ১৫ হাজার ৪৪৩ জন।

ওই পরীক্ষার ফলের ভিত্তিতে মোট ৬ হাজার ৭৪ জন শিক্ষার্থী মূল ভর্তি পরীক্ষায় অংশ নেওয়ার জন্য নির্বাচিত হন। তাদের মধ্যে ৬ হাজার ৩৯ জন ৯ মার্চ মূল পরীক্ষায় অংশ নিয়েছেন।

এবারের ভর্তি পরীক্ষায় পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার ক্ষুদ্র জাতি গোষ্ঠীভুক্ত প্রার্থীদের জন্য প্রকৌশল বিভাগগুলো এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ মিলে ৩টি (কোনো বিভাগে ১ টি আসনের বেশী নয়) এবং স্থাপত্য বিভাগের জন্য ১টি সংরক্ষিত আসনসহ সর্বমোট ১ হাজার ৩০৯টি আসন রয়েছে।

কেমিক্যাল অ্যান্ড ম্যাটেরিয়ালস কৌশল, পুরকৌশল, যন্ত্রকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের অধীনে ১৩টি বিভাগে স্নাতক শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।